

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা

নথি নং- ৪(২৫)শুল্ক নিঃ ও বকেয়া/৯৩/১৩০-১৪১

তারিখ : ২৭/৪/২০০৫ ইং

অফিস স্মারক

বিষয় : আটক/বাজেয়াগুক্ত মালামাল দ্রুত নিষ্পত্তি সংক্রান্ত।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নিলাম এবং দরপত্রের মাধ্যমে অখালাসকৃত পণ্য নিষ্পত্তির ক্ষেত্রে বিভিন্ন শুল্ক ভবন এবং কমিশনারেটগুলোর তৎপরতা অসন্তোষজনক। অখালাসকৃত পণ্য দ্রুত নিষ্পত্তির জন্য সকল কমিশনারেটকে এতদ্বারা পুনরায় তাগিদ প্রদান করা যাচ্ছে। দ্রুত নিষ্পত্তি সহজতর করার লক্ষ্যে অতি উচ্চ পর্যায়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যথা :-

- ০২। (ক) পচনশীল ও বিপদজনক পণ্যের ক্ষেত্রে প্রথম নিলামের সর্বোচ্চ মূল্যে পণ্য বিক্রয় করা যাবে;
- (খ) অপচনশীল পণ্যের ক্ষেত্রে দরপত্রের মাধ্যমে নিলাম সম্পন্নদনের লক্ষ্যে নিলাম কমিটি গঠন করতে হবে; ভ্যাট কমিশনারেট ও শুল্ক ভবনের ক্ষেত্রে কমিটির আহ্বায়ক হবেন যুগ্ম কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা এবং ভ্যাট বিভাগ ও শুল্ক স্টেশনের উক্তরূপ নিলামের ক্ষেত্রে আহ্বায়ক হবেন সংশ্লিষ্ট বিভাগীয় ডেপুটি/সহকারী কমিশনার পদমর্যাদার কোনো কর্মকর্তা। উক্তরূপে গঠিত কমিটির সদস্য সংখ্যা স্ব-স্ব দপ্তর নির্ধারণ করবে এবং ঐ কমিটি নিলামযোগ্য পণ্যের বর্তমান কায়িক অবস্থা, গুণগতমান, অবচয় বিবেচনায় নিয়ে পণ্যের সংরক্ষিত মূল্য নির্ধারণ করবে, যে মূল্যের ভেতরে উক্তরূপে নির্ধারিত পণ্যের মূল্য ভেতরে উক্তরূপে নির্ধারিত পণ্যের মূল্যের উপর প্রযোজ্য শুল্ক করা দি, অগ্রিম আয়কর, সারচার্জ, নিলাম কমিশন, বন্দর চার্জ ও আনুষঙ্গিক খরচ অন্তর্ভুক্ত হবে;
- (গ) অপচনশীল পণ্যের ক্ষেত্রে প্রথম নিলামের বা দরপত্রের সর্বোচ্চ মূল্য সংরক্ষিত মূল্যের অন্ত্যন ৬০ শতাংশ হলে ঐ মূল্যে তা নিষ্পত্তি করা যাবে। অন্যথায় দ্বিতীয়বার নিলাম বা দরপত্রে তোলা যাবে;
- (ঘ) সংরক্ষিত মূল্য যাই হোক না কেন, দ্বিতীয় নিলামে বা দরপত্রের সর্বোচ্চ মূল্য প্রথম নিলামের সর্বোচ্চ মূল্য অপেক্ষা বেশী হলে ঐ মূল্যে তা নিষ্পত্তি করতে হবে। অন্যথায় তৃতীয়বার নিলাম বা দরপত্রে তোলা হবে; এবং
- (ঙ) সংরক্ষিত মূল্য যাই হোক না কেন, তৃতীয়বার অনুষ্ঠিত নিলামে বা দরপত্রের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যে পণ্য নিষ্পত্তি করা যাবে।

এই সিদ্ধান্ত অবিলম্বে এবং সার্বিকভাবে বাস্তবায়ন করা সহ পণ্যাদি নষ্ট হওয়ার আগে বিক্রয় নিশ্চিত করার জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো এবং ইতোপূর্বে জারিকৃত কোন আদেশ/নির্দেশ যদি এই আদেশের পরিপন্থী বা অসংগতিপূর্ণ হয় তবে তা বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(মাশুক আল হোসাইন)

দ্বিতীয় সচিব (শুল্ক নিলাম ও বকেয়া)।